**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০২২.১২.০১৮.২০১৮- ৪৬৯(১০৭)

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ'১৪২৫ বঙ্গাব্দ
১৭ মে'২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয় : কারা কর্মকর্তা ও কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর ডোসিয়ার হেফাজতকরণ।**

সূত্র : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা-১ অধিশাখার পত্র সংখ্যা স্বঃমঃ-১ই-৮/২০০৭(কারা-১)-৩২ তারিখঃ ০৩.০২.২০১৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কারা কর্মকর্তা-কর্মচারীদের এসিআর যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের সরকারি দায়িত্ব। তথাপি এসিআরসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হচ্ছেনা যা কাঙ্খিত নয়। প্রায়ই বিভিন্ন এসিআর সরাসরি কারা মহাপরিদর্শকের নামে প্রেরণ করা হচ্ছে যেগুলো অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরকারী কারা মহাপরিদর্শক নন এবং বিষয়টি বিব্রতকর।

এখন থেকে যে সকল এসিআর এর ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষ কারা অধিদপ্তর সে সকল এসিআর কারা অধিদপ্তরের ঠিকানায় প্রেরণর জন্য অনুরোধ করা হলো। এ প্রসঙ্গে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ তম গ্রেড থেকে ১০ম গ্রেডভূক্ত তথা পূর্বতন দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের জন্য গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালার ধারা ৩.৩.৪ উল্লেখ্য (অনুশাসনমালাটি www.mha.gov.bd ও www.prison.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে)।

এছাড়া স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা-১ অধিশাখার আদেশ নং স্বঃমঃ১ই-৮/২০০৭ (কারা-১)-৩২ তারিখঃ ০৩.০২.২০১৪ খ্রিঃ (ছায়ালিপি সংযুক্ত) সকলকে যথাযথভাবে অনুসরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

(মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন)
বিজে নং ০১৮০১১০০৫১৫
সহকারি কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে কারা মহাপরিদর্শক।
aig.adm@prison.gov.bd

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
৪। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। প্রশাসনিক কর্মকর্তা-১/২, পরিসংখ্যানবিদ/বাজেট অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেনস ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
৯। শাখা প্রধান (সকল শাখা), কারা অধিদপ্তর, ঢাকা।
১০। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।
১১। গার্ড ফাইল।

AIG-2017-44(Chad)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা-১ অধিশাখা

স্মারক সংখ্যা-স্বঃমঃ ১ই-৮/২০০৭ (কারা-১)-৮২

তারিখ ঃ ২১ মাঘ ১৪২০ বঙ্গাব্দ / ০৩ ফেব্রুয়ারি ২০১৪ খ্রিঃ

## আদেশ

কারা অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন লিখন ও প্রতিস্বাক্ষর করার ব্যাপারে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দিষ্ট এসিআর সংক্রান্ত নীতিমালা অনুসরণ পূর্বক সংশোধিত আদেশ নিম্নোক্তভাবে পরিপালন ও সম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রম নং | পদের নাম | নিয়ন্ত্রণকারী কর্মকর্তা | আরআইও(RIO) | সিএসও (CSO) |
|---|---|---|---|---|
| ১ | কারা মহাপরিদর্শক | সরাসরি স্বরাষ্ট্র সচিব এর নিয়ন্ত্রণাধীন কাজ করেন। | স্বরাষ্ট্র সচিব | মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী |
| ২ | অতিরিক্ত কারা মহাপরিদর্শক কারা উপ মহাপরিদর্শক (বিভাগীয় দপ্তর) | সরাসরি কারা মহাপরিদর্শক এর নিয়ন্ত্রণাধীন কাজ করেন। | কারা মহাপরিদর্শক | স্বরাষ্ট্র সচিব |
| ৩ | কারা উপ মহাপরিদর্শক (সদর দপ্তর) | সরাসরি কারা মহাপরিদর্শক এর নিয়ন্ত্রণাধীন কাজ করেন। | কারা মহাপরিদর্শক | স্বরাষ্ট্র সচিব |
| ৪ | প্রজেক্ট ডাইরেক্টর যুগ্ম-সচিব | - | অতিরিক্ত সচিব (আইন ও পরি) | স্বরাষ্ট্র সচিব |
| ৫ | প্রজেক্ট ডাইরেক্টর জুনিয়র কনসালটেন্ট প্যাথলজিষ্ট। | সরাসরি কারা মহাপরিদর্শক/ অতিরিক্ত কারা মহাপরিদর্শক এর নিয়ন্ত্রণাধীন কাজ করেন। | অতিরিক্ত কারা মহাপরিদর্শক | কারা মহাপরিদর্শক |
| ৬ | সিনিয়র তত্ত্বাবধায়ক কারা তত্ত্বাবধায়ক সহকারি সার্জন | সরাসরি সংশ্লিষ্ট বিভাগীয় কারা উপ মহাপরিদর্শক এর নিয়ন্ত্রণাধীন কাজ করেন। | সংশ্লিষ্ট বিভাগীয় কারা উপ মহাপরিদর্শক | কারা মহাপরিদর্শক |
| ৭ | সহকারি কারা মহাপরিদর্শক (কারা অধিদপ্তর) | অতিরিক্ত কারা মহাপরিদর্শক এর নিয়ন্ত্রণাধীন কাজ করেন | অতিরিক্ত কারা মহাপরিদর্শক | কারা মহাপরিদর্শক |
| ৮ | উপ তত্ত্বাবধায়ক জেলার/ডেপুটি জেলার ও তদনিম্ন অন্যান্য কর্মচারি | সরাসরি সংশ্লিষ্ট সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক এর নিয়ন্ত্রণাধীন কাজ করেন। | সিনিয়র তত্ত্বাবধায়ক/ কারা তত্ত্বাবধায়ক | সংশ্লিষ্ট বিভাগীয় কারা উপ মহাপরিদর্শক |
| ৯ | প্রশাসনিক কর্মকর্তা বাজেট কর্মকর্তা/পরিসংখ্যানবিদ/ প্রধান সহকারি/ প্রধান সহকারি তথা হিসাব রক্ষক/ভ্রাম্যমান হিসাব নিরীক্ষকসহ অন্যান্য ৩য় ও ৪র্থ শ্রেণির পদ। | সরাসরি সংশ্লিষ্ট সহকারি কারা মহাপরিদর্শক এর নিয়ন্ত্রণাধীন কাজ করেন। | সংশ্লিষ্ট সহকারি কারা মহাপরিদর্শক | অতিরিক্ত কারা মহাপরিদর্শক।' |

০৩/২/১৪
সালি. বেগম
উপসচিব
ফোন ঃ ৯৫৫০০১৭।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. অতিরিক্ত সচিব (আইন ও পরি), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৩. প্রজেক্ট ডাইরেক্টর, ...........................................
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬. কারা উপ-মহাপরিদর্শক, ....................................।
৭. সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক, ...................................
৮. জনাব মোঃ আবদুল হক, যুগ্ম-সচিব(পরিচিতি নং-৫২২৬), ঢাকা জেলার কেরাণীগঞ্জে বিচারাধীন আসামীদের জন্য কেন্দ্রীয় কারাগার নির্মাণ প্রকল্প, কারা অধিদপ্তর, ঢাকা।
৯. জনাব মৃদুল কান্তি ঘোষ যুগ্ম-সচিব (পরিচিতি নং-৩৬৪৭), প্রকল্প পরিচালক, দিনাজপুর জেলা কারাগার পুনঃ নির্মাণ প্রকল্প কারা অধিদপ্তর, ঢাকা।
১০. জনাব মোহাম্মদ হুমায়ুন কবীর যুগ্ম-সচিব(পরিচিতি নং-৩৫১১) খুলনা জেলা কারাগার নির্মাণ প্রকল্পের পরিচালক।